

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।  
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।  
তারিখ : ১৬.০৩.২০২০  
সময় : সকাল ১১.০০ টা  
স্থান : বিএমডির সভা কক্ষ।  
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।


## ২.০ আলোচনা :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চায় গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি ছাড়া বিকল্প নেই। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ মাহফুজুর রহমান বলেন যে, বিএমডির ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত ৪ টি উদ্ভাবনী পরিকল্পনার মধ্যে ৩ টি উদ্ভাবনী পরিকল্পনা ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে এবং অবশিষ্ট উদ্ভাবনী পরিকল্পনা অর্থাৎ বিএমডির নিজস্ব লোগো প্রণয়নের প্রস্তাব অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় অনুমোদন দিলে যথাসময়ে তা বাস্তবায়ন করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

## ৩.০ সিদ্ধান্ত :

- (১) ২০১৯-২০২০ অর্থবছরে নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট উদ্ভাবনী পরিকল্পনা বাস্তবায়ন এবং বিএমডির কার্যপরিধি অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য উদ্ভাবনী পরিকল্পনাসমূহ প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (২) বিবিধ আলোচনা।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
১৬.০৩.২০২০  
মোঃ মামুনুর রশীদ  
সভাপতি, ইনোভেশন কমিটি  
ও  
উপপরিচালক  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২.২৩৬ (১৪)

তারিখ: ০২ জুন ১৪২৬  
২৬ মার্চ ২০২০

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দৃ.আ.-চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);
- ২। কর্মকর্তা/কর্মচারী (সকল).....বিএমডি, ঢাকা;
- ৩। সংশ্লিষ্ট নথি।

  
২৬.০৬.২০২০  
মোঃ মামুনুর রশীদ  
উপপরিচালক